আ৩

বঙ্গীয় শব্দকোষ

ব্য

১ বাক্য।

"আ এবং তু মন্যসে (সি)।

২ স্মরণ।

"আ এবং কিল তৎ (সি)।

৩ অনুকম্পা।

"আ দেবদত্তো দরিদ্রঃ (শ.ক)।

৪ সমুচ্চয়ে। [প্রথম দুই অর্থে 'আ' প্রগৃহ্য, অর্থাৎ উহার সহিত সন্ধি হয় না (পা ১.১.১৪)।]

৫ [সং আঃ (আস্)>প্রা আ (প্রা.ম)- আ দাসীএ ধীএ (ক.ম ১১/১৮/৯)] ক্রোধ।

"আ মর! টগরে ছোঁড়া বলে বেড়ায় দাদা কসঙ্গ ছাড়লে বড় সুখের বিষয় হবে! - আ.দু ৯৬; আ! বেটা কি সাওখোড়! ১৭৪। আ মর মিনষে! আস্পর্দ্ধা কম নয়! - অ.গ্র ৭৪।

৬ খেদ, বিষাদ।

"আ-এই হতভাগিনীর মৃত্যু নাই! - কাদ ৬৫।

৭ বিরক্তি।

"কুটিলে বলে আ মর মাগি! মিথ্যে বলব কিসের লাগি? - দা ৫৩৩। আ মুয়ে আগুণ! তামাক দুছিলিম এনে রাখব, তা ভুলে গেছি! -গি.দ্বি ১১২। আ মলো! মাগী বাড়ী ব'য়ে কোঁদল করতে এসেছে দেখি যে। - ব.প্র ৩৪২।

৮ সপ্রণয় গালি। "আ মলো! কে কালামুখি।

"জয় সুলোচনা জয়০" - তোর বুঝি কণ্ঠে নাহি সরে? -ন ১০৮৯। আ মলো! মেয়েমানুষে পুরুষমানুষে সমান! - ব.দ্বি ৪১০; ৪১৩।

৯ ক্লেশের বা দুঃখের শান্তি।

"আ বাঁচলাম!

১০ নৈরাশ্য।

"আ! এইবার মলাম! আর রক্ষা নাই!

১১ সহানুভূতি।

"আ, বড় ক্ষিদে পেয়েছে! - খাও, খাও! আ, মরে যাই! বড় লেগেছে!

১২ সুখানুভব।

"আ, কি আরাম! আ, বেড়ে লাগছে!

১৩ উপকারস্মরণপূর্ব্বক দুঃখপ্রকাশ।

”আ! আমার তুমি না থাকিলে, হৃদয় জুড়ায়ে না রাখিলে...ফুরাত সকল এ অখিলে ব.সু ১৩।

১৪ ঘৃণা।

”আ, এ বড় কুস্থান!

১৫ সখীত্ব, সখীভাব।

”আ, মরণ আর কি!

১৬ নিন্দা।

”আ লক্ষ্মীছাড়া ছেলে! - সব নষ্ট কল্লি!

[আ মরি (প্রা হমারি) - সকটাক্ষ বিস্ময় (সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ ৫.৯৯)>বা (অমারি) আ মরি, আ মরি মরি -

১ বিস্ময়। ”বলে, আ ম’রে যাই, লইয়ে বালাই, কি রূপের মাধুরী দা ৫৫৭। আ মরি মরি, কি চমৎকার চিত্র করিয়াছে! - সী ৭।

২ (কাকু হেতু) সধিক্কার বা সরোষ উপহাস। ”আ মরি, কি সতী! - শাশুড়ীর যোগ্য বধূ! -মা ১১৮। ”আ মরি, আ মরি, যমের ভুল! - না.ত ৯।

এদিকে বাবু আমার পরম বৈষ্ণব...আ মরি, কি নিষ্ঠে গা! মা ৩২৮। আম মরি! কিবা কবিতা সাক্ষাৎ স্বরস্বতী মূর্ত্তিমান আ.হ্ ৮০।]